পরিবেশ দূষণ সারা পৃথিবীর একটি বিরাট সমস্যা। এই সমস্যা সমাধানের জন্য আমাদের কিছু ব্যবস্থা নিতে হবে। সব রকম দূষণ থেকে আমাদের মুক্তি দিতে পারে একমাত্র উদ্ভিদ। সবুজ উদ্ভিদ সালোকসংশ্লেষ প্রক্রিয়ার মাধ্যমে নিজের খাদ্য নিজে প্রস্তুত করতে পারে এই প্রক্রিয়ায় গাছ বাতাস থেকে কার্বন-ডাই-অক্সাইড গ্রহণ করে আর বাতাসে অক্সিজেন ছেড়ে দেয় যে অক্সিজেন প্রাণীজগতে বাঁচার জন্য অপরিহার্য তাই বেশি করে গাছ লাগাতে হবে এবং সংরক্ষণ করতে হবে। তাহলে বাতাসে কার্বন ডাই অক্সাইডের ভারসাম্য বজায় থাকবে। কলকারখানা থেকে দূষণ নিয়ন্ত্রণ করার জন্য নিয়ন্ত্রক যন্ত্র ব্যবস্থা গ্রহণ যথা : কলকারখানার বা নর্দমার তরল পদার্থ যাতে নদীর জলে না মেশে সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করতে হবে। শব্দ দূষণ কমানোর জন্য শব্দ নিরোধক যন্ত্র ব্যবহারের উপর জোর দিতে হবে। রাসায়নিক সারের পরিবর্তে জৈব সারের প্রয়োগ বেশী করে করতে হবে এবং কীটনাশক এর পরিমাণ কমিয়ে মৃত্তিকা দূষণ রোধ করতে হবে। সর্বোপরি যানবাহনে পেট্রোল বা ডিজেল পোড়ানোর পরিবর্তে ব্যাটারিচালিত গাড়ি ব্যবহার করতে পারলে দূষণ থেকে জীবজগৎ রক্ষা পাওয়া যাবে।

পরিবেশ দূষণ একটা গুরুতর সমস্যা। আজ মানব সভ্যতার অস্তিত্ব বিপন্ন। এই গভীর সংকট মোকাবিলা করার জন্য আমাদের প্রত্যেকটি সচেতন হতে হবে এবং নজর দিতে হবে যাতে পরিবেশ দূষণের মাত্রা না বাড়ে। কারণ বিজ্ঞান যতই উন্নত হোক বা প্রযুক্তি বিজ্ঞান যতই আমাদের উন্নতির শিখরে নিয়ে যাক না কেন মানুষের জন্য সভ্যতা মানুষের হাতেই যদি বিনাশ হয় তাহলে কী লাভ -কারণ বনে আগুন লাগলে দেবালয় কি এড়ায়?

এই সমস্যা থেকে উত্তরণের জন্য আমাদের সবাইকে হাত মিলিয়ে কোমর বেঁধে নেমে পড়তে হবে।

করোনা অতিমারী ও পরিবেশ

কিরণময় পাল

UG 4th semester, Dept. of Geography, Krishnagar Govt. College.

৭৫ বছর আগে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কার সেই দুঃস্বপ্নের রাতেও ছিল একটি সুখস্মৃতি তা পরিবেশ-এর তুলনামূলক স্বচ্ছলতা। ঠিক ৭৫ বছর পর সেই সুখস্মৃতি ফিরিয়ে আনল Lock Down-এর দূষণহীন নির্মল পৃথিবী। এক অজানা ভাইরাস যখন ত্রাস করে বেড়াচ্ছে গোটা বিশ্বকে তখন প্রকৃতি স্বমহিমায় দেখাচ্ছে তার গরিমা। ভোর থেকে রাত প্রতিটি প্রহরেই যেন হাতছানি দিচ্ছে তার রূপ, ব্যতিক্রম হয়নি আমার-আপনার প্রিয় এই বাংলায়ও, নির্মল নীল আকাশ, আর পরিযায়ী পাখিদের আনাগোনা এ যেন এক নতুন পৃথিবীর স্বাদ খুঁজে পাচ্ছে পরিবেশ সচেতন বাঙালি। মনে ভয় নিয়েই কোভিড বিধি তথাপি লক ডাউন কাটাচ্ছে বাংলা থেকে ভারত তথা সমগ্র বিশ্ববাসী। কিন্তু এসবের মাঝে পরিবেশের সুস্থতা -এ যেন এক বড় পাওনা মানবজাতির। তবে কোথায়, কিভাবে, পরিবেশ দূষণহীন হচ্ছে তা হয়ত আমরা সবাই সেভাবে খেয়াল রাখিনি তবে উপলব্ধি করেছি হয়ত বা নিজের অজান্তেই।

দীর্ঘমেয়াদী লকডাউন তথাপি করোনা পরিস্থিতিতে দ্রুতই কমে চলেছে বায়ু-দূষণের মাত্রা, পাণ্টে যাচ্ছে আমাদের পৃথিবী। চীন, ইটালি তথা Industrial & Developed Country গুলোতে কমেছে নাইট্রোজেন-ডাই-অক্সাইড, সালফার-ডাই-অক্সাইড আর কার্বন মনোক্সাইডের তীব্রতা। পরিবেশবিদ-দের হতবাক করে নিউইয়র্ক-এর আকাশে দূষণের মাত্রা কমেছে ৫০ শতাংশেরও বেশী। শুধু উপগ্রহ-চিত্রেই নয় ঘরবন্দি ইউরোপের মানুষ খালি চোখেই দেখতে পাচ্ছে ঝকঝকে নির্মল আকাশ, তথাকথিত স্মরণকালের মধ্যে যা তাদের কাছে দুষ্কর-দূর্লভ দৃশ্য। যদিও এসব তো বিদেশে। একইভাবে পাল্লা দিয়ে আমাদের দেশেও কমেছে দূষণের মাত্রা। দিনের আকাশ নীল, পরিষ্কার আর রাতের আকাশে অসংখ্য তারা, কালপুরুষ - যেন ছোটবেলার গ্রামের স্মৃতি ফিরিয়ে দিচ্ছে। দল বেঁধে ফিরে আসছে পরিযায়ী পাখির দল, সভ্যতার থেকে মুখ লুকিয়ে কোনো দুর্গম জগতে চলে যাওয়া ডলফিনের ঝাঁক আবারও জনসমক্ষে ভেসে উঠেছে। সন্ধ্যা নামলেই শিল্পাঞ্চলবাসী শুনতে পাচ্ছেন শেয়ালের ডাক, ব্যাঙের কোলাহল, ঝাঁ ঝাঁ পোকাকার আওয়াজ - এ যেন সত্যিই স্বপ্ন। তেমনি দেশের বিভিন্ন জনবহুল রাস্তায় দেখা মিলেছে হরিণ, খট্টাস থেকে শুরু করে নানান প্রজাতির প্রাণী। কলকাতার বুকোও কমেছে দূষণ, বা লি ব্রিজ থেকেও পরিষ্কার দেখা যাচ্ছে হাওড়া ব্রিজ। বেশ কিছু মিম চোখে পড়েছিল লকডাউনে, যদিও মিম হলেও সত্যি - বিহারের প্রত্যন্ত এক এলাকা থেকে হিমালয়ের অংশবিশেষ চাক্ষুষ করা গেছিল, গত কয়েক প্রজন্ম যা দূরবীনেও দেখতে পায়নি - সত্যিই অভাবনীয়। কলকাতার পার্ক স্ট্রিট থেকে ধর্মতলা শহরের প্রায় সর্বত্রই পাখির কিচিরমিচির শব্দ, নতুন করে যেন অক্সিজেন পেয়েছে শহরটা। বিজ্ঞানীদের মতে গত এক-দেড় বছরে করোনা কবলিত মানুষ ঘরবন্দি থেকে দূষণ কমিয়ে ফেলতে পেরেছিল প্রায় ৪৫ শতাংশ। বিশুদ্ধতার নিরিখে পরিবেশ ফিরে গেছিল আজ থেকে পাঁচশো বছর আগে। রাশ পড়েছিল বিশ্ব-উষ্ময়নে, কমেছিল হিমবাহের গলন, এমনকি সম্প্রতি কলোরাডো বিশ্ববিদ্যালয়ের গবেষকরা জানিয়েছেন ওজোন ক্ষত প্রায় সম্পূর্ণ সেড়ে উঠেছে। দূষণের ক্ষত সাড়িয়ে ক্রমশ স্বাভাবিক হচ্ছিল পৃথিবী - এ যেন একপ্রকার মনুষ্য কর্তৃক বিপর্যস্ত পৃথিবী নিজের ক্ষত নিজেই সাড়িয়ে নিচ্ছিল, ঠিক তখনই মানুষ চাইছিল একটা সুযোগ নিজেকে শুধরে নেবার, সেইমতো মাতৃকা স্বরূপ পৃথিবী দিয়েছিল সেই সুযোগ তার সন্তানসম মাববজাতি কে। তবে দুঃখিত আমি, মানুষ পারেনি তার মর্যাদা রাখতে। পুনরায় যথেষ্টাচারে

ভরিয়ে তুলেছে পৃথিবীকে আবারও হত অর্থনীতি পুনরুদ্ধার করার জন্য পরিবেশকেই বলি দিয়েছে মানুষ। হয়ত বা এজন্যই পরিবেশ মাতৃকার অভিশাপ স্বরূপ পুনরায় করোনার দ্বিতীয় ঢেউ আছড়ে পড়েছে, বিধ্বস্ত হচ্ছে মানুষ, তবু আজও সচেতন নয় মানুষ। জানি না আর কবে এই অবুঝ মানব বুঝবে প্রকৃতি মায়ে মর্ম, প্রকৃতির পুনরুদ্ধার এ সচেষ্টিত হবে। আজকের এই একবিংশ শতাব্দীতে দাঁড়িয়ে একজন মানুষ হিসাবে নয়, প্রকৃতির দূত হিসাবে কণ্ঠ রাখতে চাই – “হে মানবজাতি! তুমি কি পারো না পরিবেশ-সচেতন হতে? তুমি কি পারো না বছরের একটা সপ্তাহ অন্তত পরিবেশকে দূষণের হাত থেকে রেহাই দিতে না-হয় তোমাদের ঐ So called লকডাউনের মাধ্যমে? তুমি কি চাও নিজের ভালো বুঝতে?” আর একজন পরিবেশ সচেতন নাগরিক হিসাবে স্বপ্ন দেখি - “মানুষ প্রকৃতির কোলে প্রকৃতি মা কে আপন কর্তব্যে রক্ষা করে চলেছে, আর নির্মল সুস্থ পরিবেশের প্রথম সূর্য-কিরণের নির্মল আলোয় স্নাত হচ্ছে নবপ্রজন্ম, পাখিদের কলোরবে ছেয়ে গেছে চারিদিক, এক মায়াবী বাতাবরণ” হটাৎ-ই ঘুম ভেঙে বলি, “চলো নবপ্রজন্মের সেই দিন আমরাই শ্রীষ্ম এগিয়ে আনি”।

নগরায়ন ও সমস্যা

পারমিতা সরকার

PG 1st Semester, Dept. of Geography, Krishnagar Govt. College.

নগরায়ন শব্দটি প্রাচীন কাল থেকেই খুব প্রচলিত একটা শব্দ, এবং জনপ্রিয় একটা শব্দ বললেও ভুল হয়না। জনপ্রিয় বললাম এই কারণে যে মোট জনসংখ্যার একটা বড় অংশ শহর বা নগর এলাকায় বসবাস করতে পছন্দ করেন, বা করতে চান। বিভিন্ন সুযোগ-সুবিধা কারণে, কিছুটা বাধ্য হয়ে, আবার কিছুটা স্বেচ্ছায় সামাজিক মর্যাদা বৃদ্ধির জন্য মানুষ শহরাঞ্চল কে বাসস্থান হিসেবে বেছে নিচ্ছেন আর এইজন্যই নগরায়নের দূরত্ব বিস্তার ঘটে চলেছে।

নগরায়নের একটি প্রধান বৈশিষ্ট্য হলো এটি কোন একটি অঞ্চলের বা দেশের অর্থনৈতিক উন্নয়নকে নির্দেশ করে থাকে, যা কিছুটা চৌম্বকের নেয় গ্রাম্যমানুষ ও গ্রাম্য এলাকা গুলিকে আকর্ষণ করছে। ভারতে 1901 সালের আদমশুমারি অনুযায়ী নগরায়নের হার ছিল 11.4 শতাংশ 2001 সালে তা বেড়ে দাঁড়ায় 28.53 শতাংশ এবং ওয়ার্ল্ড ব্যাংক এর পাওয়া তথ্য অনুযায়ী 2017 সালে তা হয় 34 %। un এর একটা সার্ভে থেকে জানা যায় 2030 সালে এই হার 40.47 এ পৌঁছাবে।

সমগ্র বিশ্বের ক্ষেত্রেও এই হার কোন অংশে কম নয় UN World Urbanization Prospects অনুযায়ী 2018 সালে যেখানে মোট জনসংখ্যার 55 % Urban এলাকায় বসবাস করছে, তা 2050 সালে 68% গিয়ে পৌঁছবে বলে অনুমান করা হচ্ছে। নগরায়নের এই বৃদ্ধির হার দেখে বোঝা যাচ্ছে যে আমাদের অনুমান করা হচ্ছে যে বোঝা যাচ্ছে যে আমাদের সমগ্র দেশ বা পৃথিবী খুব শীঘ্রই Urban এলাকার অন্তর্গত হতে চলেছে।

এখন প্রশ্ন হচ্ছে, নগরায়ন ঘটছে তাতে সমস্যা কোথায়? আর কেনই বা নগরায়নের এই হার থেকে বিশেষজ্ঞদের চোখ কপালে ওঠেছে- যেখানে নগরায়ন কোন একটি অঞ্চলের উন্নয়নের প্রধান নির্দেশক, এমনকি অধিকাংশ মানুষ শহরাঞ্চলে বসবাস করতে পছন্দ করছে তাহলে সমস্যাটা কি?

নগর বা শহরাঞ্চলে সম্পর্কে আমাদের সকলেরই মোটামুটি ধারণা রয়েছে - প্রায় সবুজ শূন্য, চারিদিকে বহুতল বাড়ি, কংক্রিট এররাস্তা, আবরন বিহীন মৃত্তিকা অমিল, মানুষ ও যানবাহনেরভীড়, আবর্জনাভরা বস্তি ধোঁয়া আর দুর্গন্ধ মুক্ত বাতাস এবং বিকট শব্দ নিয়ে একটা ব্যস্ত অঞ্চল।

নগরায়ন যার প্রধান ভবিষ্যৎ হলো নতুন বসতি তৈরি করা ও তার আর সম্প্রসারণ ঘটানো এবং যার ফলশ্রুতি বৃক্ষ ছেদন করে বনভূমির ধ্বংস সাধন করা ও কৃষিজমির অবলুপ্তি ঘটানো। আর এই ক্রমাগত বৃক্ষ ছেদনের ফলে অক্সিজেনের পরিমাণ রাস পাচ্ছে ও কার্বন ডাই অক্সাইডের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে প্রজাতির আশপাশে জলচক্রের বিঘ্ন ঘটছে এক কথায় পরিবেশের ভারসাম্য নষ্ট হচ্ছে। এছাড়া কৃষিজমির হ্রাসের কারণে শস্যের উৎপাদন কম হচ্ছে, যা খাদ্য সংকটের সৃষ্টি করতে পারে।

এছাড়া নগরায়ন এলাকাও ভূপৃষ্ঠে অধিকাংশ অংশ সিমেন্ট বালি কংক্রিটের মোড়ানো থাকায়, এখানে বৃষ্টি জল এই স্তর ভেদ করে ভূগর্ভে প্রবেশ করতে পারে না। অধিকাংশ জলই পৃষ্ঠ প্রবাহ হয়ে যায়। যার ফলে আমাদের খুব শীঘ্রই পানীয় জলের সংকট ফেলতে চলেছে। এমন কি এই সিমেন্ট, বালি, কংক্রিট অধিক তাপ শোষণ হওয়ায় পরিবেশের উষ্ণতা বৃদ্ধি পাচ্ছে।

আমরা জানি যে ভারতের মতো একটি জনবহুল উন্নয়নশীল দেশে শহরগুলিতে জনসংখ্যার চাপ কত বেশি, তাই স্বাভাবিকভাবে যানবাহনের সংখ্যা খুব বেশি। ওই সব যানবাহন থেকে নির্গত ধোঁয়া, এছাড়া এখানকার কল কারখানা ও শিল্প কেন্দ্র গুলি থেকে নির্গত প্রচুর পরিমাণে বায়ু দূষণ, শব্দ দূষণ ঘটাচ্ছে। এছাড়া এসকল কারখানাগুলি থেকে নির্গত মিশ্রিত জল নদীর জলের সাথে মিশে জল দূষণ ঘটায়। এবং এই বিপুল পরিমাণ জনসংখ্যার বজ্র পদার্থ বিভিন্ন রকম পরিবেশ দূষণ ঘটায়।

এছাড়া অত্যধিক জনসংখ্যার কারণে ট্রাফিক সমস্যা এখানকার নিত্যসঙ্গী। আর্থিক বৈষম্যের কারণে বস্তি এলাকা বিভিন্ন ধরনের সামাজিক অপরাধ বৃদ্ধি পাচ্ছে। বিভিন্ন দূষণের কারণে ক্যান্সারের নেয় বিভিন্ন রোগ বৃদ্ধি পাচ্ছে শিশু অপুষ্টির শিকার হচ্ছে। এককথায় সম্ভাব্য আয়ুষ্কাল হ্রাস পাচ্ছে।

আর দ্রুত নগরায়নের অর্থ হলো এই সমস্ত সমস্যাগুলির আরো বিপুল পরিমাণে বৃদ্ধি পাওয়া।

এখন সব থেকে বড় কথা হল, আমরা সকলেই জানি যে নগরায়নের জন্য এত সমস্যার সৃষ্টি হচ্ছে তবুও আমরা তার প্রতিকার করার চেষ্টা করি না। কারণ আমরা সব সময় দীর্ঘমেয়াদি তুলনায় স্বল্পমেয়াদী বিষয়গুলোর ওপর বেশি গুরুত্ব দিয়ে থাকি। এছাড়া আমরা হলাম এমন একটা প্রাণী যারা নিজেদের স্বার্থের জন্য সবকিছু করতে পারি। তা যে পরিবেশের ক্ষতি করা হোক না কেন কিন্তু সমস্যাটা হলো আমরা ভুলে যাই যে আমরা পরিবেশেরই একটা অংশ তাই পরিবেশের ক্ষতি করা মানে নিজেদেরই ক্ষতি করা।

আমরা হয়তো কখনও ভেবে দেখি না যে ভবিষ্যৎ প্রজন্মের কথা ভেবে আমরা এত উন্নয়ন ঘটাচ্ছি, সেই প্রজন্মের জন্য আমরা একটা অন্ধকার জগৎ তৈরি করে রেখেছি। কখনো কি ভেবেছিলে কি হবে আমার আরামদায়ক বাড়ি, গাড়ি নিয়ে যদি গাছের অভাবে অক্সিজেন না থাকে, আর কি হবে মটর, ওয়াটার ট্যাঙ্ক বসিয়ে। যদি ভূগর্ভের পানীয় জল না থাকে। আর অর্থ দিয়ে কি হবে যদি জমির অভাবে ফসল উৎপাদন না হয়। ভেবে হাসি পায় যে আমরা কতটা বোকা যেন খাবার সোলার পাত্র সাজিয়ে রাখছি। আমাদের প্রজন্মের জন্য

বিষয়টি সত্যি হাস্যকর।

তবে এখনো সময় আছে আমরা চাইলেই নগরায়নের সমস্যা গুলি থেকে আমাদের দেশকে আমাদের বিশ্বকে রক্ষা করতে পারি। সকলে মিলে বৃক্ষছেদন না করে আরো অনেক পরিমাণে বৃক্ষ রোপণ করতে হবে। কৃষি ক্ষেত্র গুলি কে রক্ষা করতে হবে, বৃষ্টির জল যেন ভূগর্ভে প্রবেশ করতে পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে। এছাড়াও বিভিন্ন দূষণ রোধ করার ব্যবস্থা করতে হবে, আর উন্নয়ন হোক না তবে পরিবেশের ভারসাম্য বজায় রেখে এমন উন্নয়ন নাইবা হল যে চীন দেশের মতো একদিন আমাদেরও বিশুদ্ধ বায়ু ক্রয় করে সেবন করতে হবে।

আমাদেরই প্রতিবেশী ছোট একটা রাষ্ট্র ভুটানকে দেখে আমাদের শেখা উচিত শুধু আমাদের কেন সারা বিশ্বের শেখা উচিত কিভাবে গাছকে ভালবাসতে হয় কিভাবে পরিবেশকে ভালবাসতে হয়। পৃথিবীর একমাত্র কার্বন ঋণাত্মক দেশ হল ভুটান। যা ক্ষুদ্র হলেও সমগ্র বিশ্ব একটা বড় উদাহরণ তৈরি করেছে। আর ভুটান যদি পারে তবে আমরা কেন পারব না। আমরাও গাছকে ভালোবাসবো পরিবেশকে ভালোবাসবো এবং নগরায়নের এই কবল থেকে আমাদের দেশকে আমাদের পৃথিবী তাকে রক্ষা করব।

পরিবেশ সম্পর্কিত স্থানীয় এবং আঞ্চলিক সমস্যা

সুমাইয়া খাতুন

UG 1st semester, Dept. of Geography, Krishnagar Govt. College.

মানুষ যে পারিপার্শ্বিক অবস্থার মধ্যে পৃথিবীতে বসবাস করে তাকেই পরিবেশ বলে। পারিপার্শ্বিক অবস্থা বলতে বোঝায় প্রকৃতির সমস্ত দান, যেমন পাহাড়, পর্বত, নদী, বন, জল, মাটি, বাতাস, জীব জন্তু ও মানুষ। পরিবেশের উপাদান গুলি মানুষকে প্রভাবিত করে।

পরিবেশ শব্দটির উৎপত্তি জার্মান শব্দ ‘Environ’ থেকে যার অর্থ পরিবেষ্টন। অর্থাৎ পরিবেশ বলতে পরিবেষ্টনকারী পারিপার্শ্বিক অবস্থা কে বোঝায়। **The Concise Oxford Dictionary (১৯৯২)** তে পরিবেশের সংজ্ঞা হিসেবে বলা হয়েছে – “পরিবেশ হল উদ্ভিদ সহায়ক জৈব-অজৈব ও সাংস্কৃতিক উপাদান গুলির পারস্পরিক মিথস্ক্রিয়া যে পারিপার্শ্বিক অবস্থা গড়ে ওঠে তাকে পরিবেশ বলে।”

পরিবেশ সম্পর্কিত সমস্যা: বর্তমানে পৃথিবীর এই সুন্দর পরিবেশকে বিভিন্ন কারণে স্থানীয়ভাবে এবং আঞ্চলিকভাবে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হচ্ছে এবং এই সমস্যার সমাধানের পথে না গিয়ে ক্রমাগত বিপদের সম্মুখীন হচ্ছে। এবং স্থানীয় সমস্যাগুলি আঞ্চলিক সমস্যার রূপ নিচ্ছে। বিভিন্ন স্থানীয় আঞ্চলিক সমস্যা সম্পর্কে নিম্নে আলোচনা করা হল-

স্থানীয় সমস্যা

স্থানীয়ভাবে পরিবেশে যে সমস্যার সৃষ্টি হয় অর্থাৎ যে সমস্যা একটা নির্দিষ্ট এলাকায় বা অঞ্চলের মধ্যে ঘটে তাকে বলে স্থানীয় সমস্যা বা দূষণ, নোংরা- আবর্জনা স্তূপীকরণ প্রভৃতি স্থানীয় সমস্যার উদাহরণ।

টিউবওয়েল থেকে আর্সেনিকযুক্ত জল:

ইদানিং আমার এলাকায় (পূর্ব-বর্ধমান জেলার নাদনঘাট গ্রাম পঞ্চায়েত) যখনই টিউবওয়েল থেকে জল বার হচ্ছে তখনই জলের হলুদ রং বিশিষ্ট আর্সেনিকযুক্ত জল বার হচ্ছে, এর জন্য স্থানীয় মানুষের অনেক চিন্তায় আছে এবং এর কোন সমাধান পাওয়া যাচ্ছে না।

নোংরা- আবর্জনা স্তূপীকরণ:

জনসংখ্যার অত্যধিক চাপের ফলে প্লাস্টিক সহ নোংরা আবর্জনা এর পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। গৃহস্থলীর আবর্জনা, কলকারখানার আবর্জনা, হাসপাতালজাত আবর্জনা গ্রামে বা শহরে কোন স্থানে স্তূপীকরণ করা হচ্ছে যার ফলে পরিবেশের প্রচুর ক্ষতি হচ্ছে এছাড়াও ছড়িয়ে ছিটিয়ে থাকা প্লাস্টিক স্থানীয়ভাবে প্রচুর ক্ষতি করছে।

ছোট-বড় পুকুরগুলোর বাস্তুতন্ত্র নষ্ট হচ্ছে:

স্থানীয়ভাবে গ্রামাঞ্চলের পুকুরগুলোতে চারিদিক দিয়ে ময়লা আবর্জনা ফেলা হচ্ছে ফলে পুকুরগুলো গভীরতা ক্রমশ হ্রাস পাচ্ছে। ক্রমাগত পুকুরগুলো দূষিত হওয়ার ফলে মাছ সহ অন্যান্য প্রাণীর মৃত্যু হচ্ছে ফলে পুকুরের বাস্তুতন্ত্র ক্ষতিগ্রস্ত হচ্ছে।

এছাড়াও মৃত্তিকার PH এর মান বৃদ্ধি বা কম জলের ঘাটতি প্রভৃতি স্থানীয় সমস্যা দেখা যায়।

আঞ্চলিক সমস্যা


স্থানীয় সমস্যাগুলি যখন প্রসার লাভ করে পৃথিবীব্যাপী ছড়িয়ে পড়ে এবং প্রায় সব অঞ্চলেই দেখা যায় তাকে বলা হয় আঞ্চলিক সমস্যা। সেগুলি নিম্নরূপ।

1. বিশ্ব উষ্ণায়ন:

বিশ্ব উষ্ণায়ন হল সমগ্র পৃথিবী ব্যাপী উষ্ণতা বৃদ্ধি। বৃক্ষছেদন জীবাশ্ম জ্বালানির দহন, কল-কারখানার দ্রব্য উৎপাদনের ফলে প্রচুর তাপ উৎপন্ন হয় এছাড়াও বিভিন্ন গ্যাস প্রতিনিয়ত বাতাসে মিলিত হচ্ছে, যেমন- কার্বন ডাই অক্সাইড, নাইট্রোজেন, CFC এগুলির ফলে সমগ্র পৃথিবীর উষ্ণতা বাড়ছে যাকে বলা হয় বিশ্ব উষ্ণায়ন। বিশ্ব উষ্ণায়ন আঞ্চলিক সমস্যা এর সব থেকে বড় উদাহরণ, Pre-Industrial Period থেকে মানুষের ক্রিয়াকলাপগুলি পৃথিবীর গ্লোবাল গড় তাপমাত্রা প্রায় 1 ডিগ্রি সেলসিয়াস (1.8 ডিগ্রি ফারেনহাইট) বৃদ্ধি পেয়েছে বলে অনুমান করা হয়, এটি বর্তমানে প্রতি দশকে 0.2 ডিগ্রি সেলসিয়াস (0.36 ডিগ্রি ফারেনহাইট) বৃদ্ধি পাচ্ছে।

2. সমুদ্র জলের অম্লতা বৃদ্ধি:

বর্তমানে পরিবেশের একটি বড় সমস্যা হল সামুদ্রিক অম্লতা। বিভিন্ন প্রকারের বর্জ্য সমুদ্রের ফলে এছাড়াও কার্বনের বিভিন্ন সামুদ্রিক জলের অম্লতা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে (PH level এর পরিবর্তন ঘটছে)। যার ফল ভারত-বাংলাদেশ সহ বিভিন্ন দেশের সমুদ্রে পড়েছে।



Remote sensing image of Bay of Bengal. Photo from Punyasloke Bhadury.

3. বিপন্ন প্রজাতি:

সমগ্র পৃথিবী ব্যাপী উষ্ণতার পরিবর্তন, দূষণ বৃক্ষচ্ছেদন প্রভৃতির ফলে পৃথিবীর বিভিন্ন প্রজাতির প্রাণী আজ বিলুপ্তির পথে। জঙ্গল কেটে দেওয়ার ফলে তাদের বাসস্থান ক্ষুণ্ণ হচ্ছে, ফলে বিভিন্ন প্রাণীর বিলুপ্তি খুব সহজে ঘটছে। শকুন, সাদা বাঘ, রেড পান্ডা, একশৃঙ্গ গন্ডার, রয়েল বেঙ্গল টাইগার প্রভৃতি আজ বিলুপ্তির পথে।

পরিবেশকে আরো সুন্দর করে তুলতে বিভিন্ন সমস্যাগুলি সমাধানের সবথেকে বড় উপায় হল জনসচেতন এবং বৃক্ষরোপণ। বর্তমান পৃথিবীতে জনসচেতনতার সবথেকে বড় মাধ্যম হলো সোশ্যাল মিডিয়া। যার সাহায্যে খুব দ্রুত জনগণকে এ বিষয়ে সচেতন করা সম্ভব এবং তা আমরাই পারি। প্রত্যেকে সচেতন হলে ভবিষ্যতে একটা সুন্দর দূষণমুক্ত পরিবেশে বাস করার আশা রাখি।

পরিবেশে দূষণ

সীমা বিশ্বাস

UG 1st Semester, Dept. of Geography, Krishnagar Govt. College.

“দাও ফিরে সে অরণ্য, লও এ নগর

লও যত লৌহ লোষ্ট্র, কাষ্ঠ ও প্রস্তর হে নব সভ্যতা”

রবীন্দ্রনাথ ঠাকুর

"প্রকৃতি" এই শব্দটা আমাদের সকলের কাছে পরিচিত। বর্তমানে যা কিছু আছে সবই এক কথায় প্রকৃতির দান। মানুষ আর প্রকৃতি সহাবস্থান করে বসবাস করে তুলেছে সুজলা সুফলা। বাসযোগ্য করেছে এককালের তপ্ত গ্রহ পৃথিবীকে। পরিবেশ হয়েছে সকল প্রাণীর পক্ষে উপযুক্ত। কিন্তু ইদানীংকালে পরিবেশের অবস্থা নিয়ে সুবুদ্ধি সম্পন্ন সমাজের প্রতিটা মানুষের কপালে চিন্তার রেখা দেখা দিয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তির উন্নতির সাথে সাথে মানব মস্তিষ্ক যেমন নিত্য নতুন উদ্ভাবনী শক্তির সাহায্যে আবিষ্কার করে চলেছে একের পর এক আশ্চর্য তেমনি তার সাথে বেড়ে চলেছে প্রকৃতি তথা পরিবেশকে দূষিত করে চলার প্রবণতা। প্রকৃতি মায়ের দান করা বিশুদ্ধ শ্বাসবায়ু তে আজ মিশেছে তীব্র বিষ। জীবন রক্ষাকারী জলও আজ দূষণের বাইরে নেই। জীবনধারণের মৌলিক উপাদান উৎপাদনকারী মাটিও আজ দূষিত। বর্তমান সময়ে দাঁড়িয়ে এ কথা সহজে অনুধাবনযোগ্য যে পরিবেশ কি পরিমানে ক্ষতিগ্রস্ত।

সভ্যতার আদি লগ্ন থেকে মানুষ ও প্রকৃতি পরস্পরের পরিপূরক। বন্য মানুষ আধুনিক হয়ে উঠেছে প্রকৃতির জিয়নকাঠির ছোঁয়ায়। কিন্তু আধুনিকতার স্পর্শে প্রকৃতির সহন মাত্রা পেরিয়ে যাচ্ছে। পরিবেশ হয়ে উঠেছে ক্রমশ বিষাক্ত। জলে মিশেছে প্রাণঘাতী আর্সেনিক, সিসা। অনিয়ন্ত্রিত ও অনিয়মিত ভাবে জলাশয় এর জল ব্যবহারের ফলে তা হয়ে উঠেছে সঠিক ব্যবহারের অনুপযুক্ত। মাটির নীচ থেকে অবাধে ভৌম জল নিষ্কাশন এর কারণে জলস্তর ক্রমশ নেমে যাচ্ছে, দেখা দিচ্ছে পানীয় জলের ঘাটতি। জল সংকট বর্তমান সময়ে একটি জ্বলন্ত সমস্যা। কৃষিক্ষেত্রে শস্য উৎপাদনের জন্য অপরিমিতভাবে রাসায়নিক সার, কীটনাশক প্রয়োগের কারণে মৃত্তিকা ক্রমশ দূষিত হচ্ছে। যার প্রভাব পড়েছে উৎপাদিত ফসলের ওপরে। বর্তমান জীবনে প্লাস্টিক ব্যবহারের প্রবণতা ক্রমবর্ধমান। অভঙ্গুর এই প্লাস্টিক মাটিতে অমিশ্রিত অবস্থায় থেকে যাওয়ার কারণে মাটির স্বাভাবিক গঠন নষ্ট হয়ে যাচ্ছে। মৃত্তিকা দূষণ ও ইদানীংকালে পরিবেশবিদদের কাছে চিন্তার বিষয়। শব্দ দানবের তাণ্ডবে দেখা যাচ্ছে মানবদেহে বিভিন্ন দুরারোগ্য ব্যাধি। শিল্প কারখানা থেকে নির্গত হওয়া বিষাক্ত গ্যাস বাতাসে মিশে থাকে করে তুলেছে শ্বাসের অনুপযুক্ত। অ্যাসিড বৃষ্টির পরিমাণ বাড়ছে। নগরায়ন, শহর, শিল্পায়নের কারণে যথেষ্ট হারে বনভূমি ছেদন করা হচ্ছে। অবাধ বুমচাষ, পশুচারণ এর কারণে মাটির কণাগুলির বন্ধনের দৃঢ়তা আলগা হয়ে যাচ্ছে। যার ফলে দেখা যাচ্ছে ভূমিক্ষয় ও ধ্বসের মত বিপর্যয়।

সারা পৃথিবী জুড়েই পরিবেশ দূষণের করাল গ্রাস দেখা দিচ্ছে। জীব বৈচিত্র্য ধ্বংসপ্রাপ্ত হচ্ছে বসবাসের উপযুক্ত পরিবেশ এর অভাবে। গ্রীন হাউস এফেক্ট এর কারণে ক্ষতিগ্রস্ত হচ্ছে জীবকুল। ওজন গহবর ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে ভয়বহ করোনা পরিস্থিতিতে অক্সিজেনের সংকট আজ দুশ্চিন্তার উদ্বেক করছে। মনমুগ্ধকর প্রাকৃতিক পরিবেশ আজ আর মানুষের মন শান্ত করে না বা সৃজনশীলতার প্রকাশ ঘটায় না। সচেতন মানুষের পদক্ষেপই পারে এই সংকট থেকে রক্ষা করতে। বৃষ্টির জল সংরক্ষণ, কৃষিক্ষেত্রে জৈব সার

ব্যবহার, 65 ডেসিবেল এর মধ্যে শব্দ নিয়ন্ত্রণ, জলাশয় গুলির উপযুক্ত রক্ষণাবেক্ষণ, বনভূমি সংরক্ষণ ও উপযুক্ত সংখ্যায় গাছ লাগানো ইত্যাদি ক্রিয়া-কলাপ এই সংকট কাটিয়ে উঠতে সাহায্য করবে। বিভিন্ন আইন প্রণয়ন, আন্তর্জাতিক চুক্তি, সনদ স্বাক্ষরের মাধ্যমে পরিবেশ দূষণ রোধ করা সম্ভব। প্রকৃতির ভয়ঙ্কর প্রতিশোধ থেকে মানবজাতিকে রক্ষা করতে হলে উপযুক্ত ব্যবস্থা নেওয়া আবশ্যিক। সময় থাকতে পরিবেশ সুরক্ষা ও সংরক্ষণ করতে পারলে ভবিষ্যৎ প্রজন্মের কাছে তা হয়ে উঠবে ফলপ্রসূ ও আশাব্যঞ্জক। মানুষ ও প্রকৃতি সুস্থ থাকলে তবেই সংকট মোকাবিলা করে দুঃসময় কাটিয়ে ওঠা সম্ভব।

"আমার ক্রান্তির উপরে ঝরুক মহুয়ার ফুল নামক মহুয়ার গন্ধ"..... সমর সেন

গাঙ্গেয় ডলফিন

বিক্রম রায়

UG 4th Semester, Dept. of Geography, Krishnagar Govt. College.

ডলফিন শুধুমাত্র সমুদ্রের নোনা জলে নয় নদীর মিষ্টি জলেও দেখা যায়। তবে তা সামুদ্রিক ডলফিন এর চেয়ে কিছুটা পৃথক। এগুলিকে আমরা বিভিন্ন স্থানীয় নামে চিনে থাকি। যেমন- হুস, শুশ, হরচুং প্রভৃতি। তবে অধিক প্রচলিত নামটি হল শুশুক বা শিশু মাছ। তবে এগুলি কোন মাছ নয় এক বিরল প্রজাতির ডলফিন। শুশুক সাধারণত গঙ্গা, ব্রহ্মপুত্র, সিন্ধু এবং এদের উপনদী গুলিতে দেখা যায়। নদীর 5 থেকে 8 ফিট গভীরতা এগুলি অবস্থান করে, শুশুক সাধারণত স্তন্যপায়ী প্রাণী। এরা বাচ্চা প্রসব করে এবং বাচ্চারা মাতৃদুগ্ধ পান করে। এরা জলের তলায় শ্বাস নিতে পারে না, চার 6 মিনিট অন্তর অন্তর জলের উপরে ঝাঁপ দিয়ে বাতাস থেকে সরাসরি নিঃশ্বাস গ্রহণ করে। একেবেঁকে চলার জন্য এদের পাখনা বড় হয় এবং ঘাড় অনেক নমনীয় হয়। এদের প্রধান খাদ্য হল নদীর ছোট মাছ। এদের দৃষ্টি শক্তি নেই বললেই চলে তাই শব্দ তরঙ্গের সাহায্যে এরা শিকার করে থাকে।



হিন্দু শাস্ত্রে শুশুক দেবী গঙ্গার বাহন হিসেবে পূজিত হয়। এই শুশুক গঙ্গা নদীর স্মারক হিসাবে বিবেচিত হয়। সভ্যতা পরিবর্তনের সাথে সাথে বদলে গেছে সবকিছু, বদলেছে নদীর চরিত্র আর তার প্রভাব পড়েছে শুশুকদের অস্তিত্বের উপর। ভারতের এক সমীক্ষা অনুযায়ী 1982 সালে ভারতে শুশুকদের সংখ্যা ছিল 6500 টি। সেখানে 2019 সালে শুশুকদের সংখ্যা দাঁড়িয়েছে তিন 3000 -3500 টি। শুশুকদের এই অস্বাভাবিক বিলুপ্তির কারণ হিসেবে চিহ্নিত হয়েছে মানুষের নানাবিধ ক্রিয়া-কলাপ। আগে জেলেরা মাছ ধরতে গেলে সুতোর নেট ব্যবহার করত, ফলে শুশুকরা জালে আটকে গেলেও তাদের পালিয়ে যাওয়ার সুযোগ থাকত, কিন্তু বর্তমানে নাইলন নেট ব্যবহার করায় তারা জাল থেকে বের হতে না পারায় শ্বাসকষ্টজনিত কারণে মারা যাচ্ছে। এছাড়াও নদীতে নৌকা চালালে বা নদীর পার্শ্ববর্তী অঞ্চলে কারখানার অধিক শব্দের কারণে তারা শব্দের তরঙ্গের সাহায্য শিকার করতে পারছে না, এর সাথে মাথাচাড়া দিয়ে উঠেছে চোরাশিকার ও নদী দূষণ। বর্তমানে ভারত সরকার শুশুকদের লাল তালিকাভুক্ত প্রাণী হিসেবে চিহ্নিত করেছে।

শুশুকদের এই অস্বাভাবিক অবলুপ্তি পরিবেশবিদদের কপালে ভাঁজ ফেলেছে। ভারতীয় কেন্দ্রীয় সরকার 2009 সালে শুশুককে জাতীয় জলজ প্রাণী হিসেবে স্বীকৃতি দিয়েছে। The Wild Life (Protection) Act, 1972 Schedule I অনুযায়ী শুশুক হত্যা শিকার আইনত অপরাধ হিসেবে নির্দেশিত হয়েছে। জনসাধারণের মধ্যে শুশুকদের গুরুত্ব বোঝাতে 1991 সালে **Vikramshila Gangetic Dolphin Sanctuary** স্থাপিত হয়েছে বিহারের ভাগলপুরে, এছাড়াও বিহার সরকার শুশুক সংক্রান্ত গবেষণার জন্য পাটনাতে ডলফিন রিসার্চ সেন্টার স্থাপন করেছে। দ্রুত শুশুকদের সুসংরক্ষিত করতে না পারলে ঐতিহ্যবাহী গঙ্গা নদীর সাথে সাথে এই ঐতিহ্যবাহী প্রাণীটি ও অবনতি ঘটবে যার কারণ হয়ে দাঁড়াবে মনুষ্য জাতি।

বিলুপ্তির পথে অঞ্জন

জয়ন্ত সরকার

UG 6th Semester, Dept. of Geography, Krishnagar Govt. College.

একসময় তার স্নিগ্ধতায় লালন পালন হয়েছিল নদীয়ার এক বিস্তীর্ণ অঞ্চল। ছোটবেলায় সহজপাঠের পড়া কবিগুরুর সেই অঞ্জন কালের বিবর্তনের ধারায় আজ তা অবলুপ্ত। যার চলমানতা ও সজীবতা দেখে কবিগুরু লিখেছিলেন-

“অঞ্জন নদী তীরে চন্দনী গাঁয়ে,
পোড়া মন্দিরখানা গঞ্জের বাঁয়ে...”।

কিন্তু আজ সবই তা ইতিহাস, নদী পারে যেমন তার পোড়া মন্দির নেই, নেই তেমনি নদীর সজীবতা। কথিত আছে অঞ্জনার ঘাট থেকে মাটি যেত ঘূর্ণির কুমোরপাড়ায় এখন আর যায়না। অঞ্জন অনেকটা সেই ছোট গল্পের মত শেষ হয়েও হইল না শেষ।


সাধারণত জলঙ্গী নদীর সহায়ক এবং চূর্ণী নদীর সাথে সংযোগ হিসাবে অঞ্জন নদীর উৎপত্তি। নদী তার ক্ষুদ্র যাত্রাপথে অতিক্রম করেছে হাটবোয়ালিয়া, খামারশিমুলিয়া, পাটুলি, চন্দনদহ-এর মত গ্রাম, অবশেষে রানাঘাটের কাছে চূর্ণী নদীতে মিশেছে। পথটা সংক্ষিপ্ত হলেও চরম বৈচিত্র্যপূর্ণ।

গল্পে আছে অঞ্জনার পাড় ধরেই বয়ে যেত সেকালের রাজাদের বাণিজ্যতরী। ঘাটে ঘাটে বাঁধা থাকতে নৌকা। কোন এক তপ্ত প্রখর দুপুরে স্নিগ্ধতা প্রদান করত অঞ্জনার জল। এই অপরূপতাই মুগ্ধ হয়ে কবিগুরু তার ছন্দে বাঁধতে বাধ্য হয়েছিল। যা সহজপাঠের পাতায় আজও শিশুদের মুখে মুখে।

কথিত আছে কৃষ্ণনগরের রাজা রুদ্র রায় মুর্শিদাবাদের নবাবের বাণিজ্যতরী রুখতে অঞ্জনার মুখ আংশিক বন্ধ করে দিয়েছিলেন। আবার কারোর মতে বহিরাগতদের প্রবেশ রুখতে নাকি নদী মুখ বন্ধ করা হয়। কিন্তু যাই হোক এভাবে প্রথম নদীর গতিহীনতার সূচনা হয়।



দূষণ ঢেকেছে আকাশের গারো নীল রংকে, নৌকা আটকে যায় কচুরিপানার জালে। স্থানীয় মানুষের অবজ্ঞা ও প্রশাসনিক দায়িত্বহীনতার দরুন ধীরে ধীরে নিঃশেষ হয়ে গেছে অঞ্জন। কোথাও গড়ে উঠেছে দোকানপাট আবার কোথাও বা একাধিক বেআইনি নির্মাণ, ইটভাটা এবং মাছের ভেড়ি দখল করেছে গোটা নদী বক্ষ। পৌরসভার নোংরা জল সরবরাহের মাধ্যম হিসাবে পরিণত হয়েছে অঞ্জন।



হ্যাঁ, সে প্রতিবাদ করতে পারেনি, বলতে পারিনি তার মুমূর্ষতার কথা অকাতরে মিটিয়ে গেছে তার সন্তানের চাহিদা। সন্তান ও বোঝেনি তাকে, সেকারণেই প্রশাসনিক দিক থেকে একাধিক পরিকল্পনা গ্রহণ করা হলেও তা কেবল কাগজ-কলমে থেকে গেছে। বারংবার সমীক্ষা হয়েছে উচ্চ পদস্থ অফিসার পর্যবেক্ষণে এসেছে কিন্তু কোনো কিনারা হয়নি।

আজও বিস্তীর্ণ ক্ষান্ত গোধূলিতে কলেবর থেকে দূরে অঙ্গনাদিকে

তাকালে মনে হয় যেন কোন এক জীর্ণ মা প্রতীক্ষা করছে সন্তানের, যে কালের ধারায় হারিয়ে গেছে আধুনিকতার হাত ধরে। কিন্তু আর কতদিন?

পরিবেশ বাঁচাও

ঋক দাস

UG 1st Semester, Dept. of Geography, Krishnagar Govt. College.

1.3 মিলিয়ন এর বেশি জনসংখ্যার সাথে ভারতের সর্বাধিক জনবহুল দেশ হিসেবে চীনকে অপসারণ করতে চলেছে। যদিও বর্তমানে ভারতে বিশ্বের দ্রুত বর্ধনশীল জনসংখ্যার একটি, পরিবেশ এবং বাস্তুশাস্ত্র সংরক্ষণের ক্ষেত্রে এটি অন্যদের থেকে অনেক পিছনে। আজ আমাদের দেশ পরিবেশগত উদ্বেগের সাথে পরিপূর্ণ, যা গত কয়েক দশকে কেবল বেড়েছে। এমনকি আন্তর্জাতিকভাবে শীর্ষ স্থানীয় অর্থনীতির লীগে যোগ দেওয়ার জন্য ভারত যখন এগিয়ে চলেছে তবুও অবশ্যই পরিবেশগতভাবে টেকসই এমন একটি অগ্রগতির সাথে লেগে থাকতে হবে। পরিবেশের অবহেলা বিপর্যয় এবং ক্ষতি সৃষ্টি করতে পারে। সুতরাং আমাদের অবশ্যই জেগে উঠতে হবে।

১. বায়ু দূষণ :

বায়ুদূষণ ভারতকে সবচেয়ে বেশি ক্ষতি করে চলেছে। আন্তর্জাতিক শক্তি সংস্থার এক প্রতিবেদনে বলা হয়েছে 2040 সালের মধ্যে দেশে বায়ু দূষণের তীব্র বৃদ্ধি পাওয়ায় দেশে প্রায় 9 লক্ষ অকাল মৃত্যুর সম্ভাবনা রয়েছে। বায়ু দূষণের কারণে গড় আয়ু প্রায় 15 মাস কমে যেতে পারে। বায়ু দূষণের দিক দিয়ে পুরো বিশ্বের সবচেয়ে দূষিত শহরের মধ্যে 20 টির মধ্যে ভারত রয়েছে। পরিবেশগত পারফরম্যান্স সূচকের Ranking অনুসারে, ভারত 180 টি দেশের মধ্যে 141 তম।

২. ভূগর্ভস্থ জলের হ্রাস :

দ্রুত ভূগর্ভস্থ জলস্তর হ্রাস করা দেশের খাদ্য সুরক্ষা ও জীবিকার পক্ষে সবচেয়ে বড় হুমকি। কয়েক দশক ধরে ভূগর্ভস্থ জলের প্রবেশধিকার ক্রমশ কঠিন হয়ে পড়েছে। নিম্ন বৃষ্টিপাত এবং খরা ও ভূগর্ভস্থ জলের হ্রাসের কারণ। দেশের উত্তর-পশ্চিম ও দক্ষিণ-পূর্বাঞ্চল সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়। নিউজ রিপোর্ট অনুসারে ভূগর্ভস্থ স্তর থেকে 10 মিটারের মধ্যে জলের প্রাপ্যতা হ্রাস পেয়েছে। এগুলি দেশের বেশির ভাগ কৃষি ক্ষেত্রের জন্য দায়ী অঞ্চল এবং খাদ্য সংকটের একটি প্রতিচ্ছবি।

৩. জলবায়ু পরিবর্তন:

2016 সালের মে মাসে রাজস্থানের তাপমাত্রা রেকর্ড হয়েছিল যা 51° সেলসিয়াস। দেশের মধ্যে এখনও পর্যন্ত সর্বোচ্চ বিগত বছরগুলোতে ক্রমবর্ধমান উত্তাপ জনক উত্তাপের তরঙ্গ কেবল ইঙ্গিত দেয় যে বিশ্ব উষ্ণায়ন এবং জলবায়ু পরিবর্তনে এখন আসল চ্যালেঞ্জের মুখোমুখি যা দেশ এখন মোকাবেলা করছে। হিমালয়ের হিমবাহ গলে যাওয়ার সাথে সাথে বন্যা এবং অন্যান্য প্রাকৃতিক বিপর্যয় ক্রমবর্ধমান সহ ঘটছে। গত পাঁচ বছরে দাবানল, বন্যা, ভূমিকম্প এবং অন্যান্য বিপর্যয় সংখ্যা নজিরবিহীন।

৪. প্লাস্টিকের ব্যবহার :

প্লাস্টিকের অনিয়ন্ত্রিত ব্যবহার দেশের জন্য একটি বড় উদ্বেগ। ভারতের পলিমারের চাহিদা 2012 থেকে 13 সালের 11 মিলিয়ন টন থেকে বেড়ে 2022 সালে প্রায় 16 মিলিয়ন টন হবে বলে আশা করা হচ্ছে। ভারতের মাথাপিছু প্লাস্টিকের ব্যবহার 2006 সালে প্রায় 4 কেজি থেকে বেড়ে 2010 সালে 8 kg বেড়েছে। 2022

সালের মধ্যে এটি প্রায় 27 কেজি পর্যন্ত বাড়তে পারে। এটি পরিবেশের জন্য ক্ষয়ক্ষতি ঘটাতে পারে। একটি প্রাকৃতিক প্লাস্টিকের পানির বোতল প্রাকৃতিক ভাবে ক্ষয় হতে 500 বছর পর্যন্ত সময় নিতে পারে।

৫. আবর্জনা নিষ্পত্তি এবং স্যানিটেশন :

2014 সালে প্রতিবেদন অনুসারে দেশে প্রায় 130 মিলিয়ন পরিবারের শৌচাগারের অভাব রয়েছে। ভারতের গ্রামীণ জনসংখ্যার 72 শতাংশেরও বেশি খোলাখুলি মলত্যাগ করে। দেশের নিরাপদ আবর্জনা নিক্ষেপন ব্যবস্থার অভাব ভারতকে বিশ্বের অন্যতম স্বাস্থ্যকর দেশ হিসেবে পরিণত করে। দেশের গ্রামীণ অঞ্চলগুলি শহর অঞ্চলের চেয়ে খারাপ অবস্থায় রয়েছে। এটি সেই অঞ্চলগুলির মধ্যে একটি যেখানে দেশের জনগণকে কঠোর পরিশ্রম করতে হয় এবং প্রচলিত অবস্থার উন্নতি করতে হয়।

৬. জীব বৈচিত্র্য হ্রাস :

ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অফ নেচার এর রেড ডাটা বুক অনুসারে ভারতে প্রায় 887 প্রজাতির উদ্ভিদ এবং প্রাণী সমালোচনামূলক বিপন্ন হিসেবে তালিকাভুক্ত হয়েছে। বাস্তুশাস্ত্রের ক্ষতি এবং প্রাকৃতিক আবাসস্থল সাইবেরিয়ান ক্রেন, হিমালয়ের নেকড়ে এবং কাশ্মীরের স্তূপের মত গুরুত্বপূর্ণ দেশীয় প্রজাতিগুলিকে বিলুপ্ত হওয়ার মারাত্মক বিপদে ফেলেছে। দ্রুত নগরায়ন, চামড়া পশুর জন্য শিকার ইত্যাদির ফলে এই প্রাণীগুলি সমালোচনা মূলক ভাবে বিপন্ন হয়ে পড়েছে এবং ভারতে উদ্ভিদ এবং ভেষজ ধন নিকট বিলুপ্ত পরিস্থিতিতে রয়েছে। আয়ুর্বেদিক চিকিৎসার উত্তরাধিকারের পাশাপাশি তাদের ঔষধি গুণাবলির জন্য সাধারণত সংগ্রহ করা অনেক গাছ অদৃশ্য হয়ে যায়।

ভারতের পরিবেশগত চ্যালেঞ্জ গুলি বিশাল অনুপাতে ধরে নিয়ে যাওয়ার দুটি প্রধান কারণ রয়েছে। প্রথমত বিস্তারিত জনসংখ্যা এবং বিলিয়ন এর চাহিদা পরিবেশগত টেকসই কে একটি খুব কঠিন বিষয় হিসাবে পরিণত করেছে। অন্য বড় চ্যালেঞ্জ হলো পরিবেশ সচেতনতা এবং সংরক্ষণের অভাব। সরকার ও পরিবেশ সংস্থা গুলির প্রচেষ্টা সত্ত্বেও জনগণের কাছ থেকে যথেষ্ট প্রচেষ্টার অভাব রয়েছে। এই পরিবর্তনগুলি না হলে উন্নতির আসা খুব কম থাকে। আমরা কেবলমাত্র যুবসমাজ এবং জাতির নবীন প্রজন্মকে আন্তরিক হতে এবং ভবিষ্যতের প্রজন্মের সেবা স্বার্থে কাজ করার জন্য অপেক্ষা করতে পারি।

প্রকাশনা নীতি

Equinox ভূগোল ও পরিবেশ বিষয়ক রচনা প্রকাশনার জন্য নিবেদিত একটি ম্যাগাজিন। এই ম্যাগাজিন ভূগোল ও পরিবেশ বিষয়ক মৌলিক রচনা, ভূগোল ও পরিবেশ বিষয়ক আধুনিকতম তথ্য ও ঘটনা, ভূগোল ও পরিবেশ বিষয়ক পাঠের বিভিন্ন পদ্ধতি ও তার সমাবদ্ধতা, ইত্যাদি বিষয়ে রচনা প্রকাশ করে। বাৎসরিক এই ম্যাগাজিন কৃষ্ণনগর সরকারী মহাবিদ্যালয়ের শিক্ষক, শিক্ষিকা, শিক্ষাকর্মী, ছাত্রছাত্রীদের রচনা ছাড়াও ভারত বর্ষের যে কোন প্রান্তের লেখক লেখিকার উক্ত বিষয়ের রচনা প্রকাশ করে।

লেখা শুধুমাত্র বাংলা অথবা ইংরাজি ভাষায় হতে হবে। শিরোনামের নীচে লেখক/ লেখিকার পুরো নাম, অধিভুক্তি, লিখবেন। Reference ও citation - র ক্ষেত্রে APA style ব্যবহার করুন। লেখক/ লেখিকাকে ম্যাগাজিনের ই-কপি ই-মেলের মাধ্যমে পাঠানো হবে।

WORLD ENVIRONMENT DAY

ECOSYSTEM RESTORATION

PROGRAMME SCHEDULE

Date : 5th June, 2021

I. 6:00PM - INAUGURATION

- ❖ Opening song
- ❖ Welcome address -- Dr. Lila Mahato; Hod, Post Graduate Department Of Geography.
- ❖ Inaugural address and opening of e-magazine -- Dr. Sobhan Niyogi; Officer-in-charge, KGC.
- ❖ Special address -- Dr. Amaresh Mandal, Associate professor (Bengali), Co-ordinator, IQAC, KGC.
- ❖ Special address -- Dr. Pintu Banerjee, Associate Professor (Botany), Secretary of teachers' council, KGC.

II. 6:25 P.M - CULTURAL PROGRAMME

- ❖ By the teachers and students of Post Graduate Department Of Geography.

III. 6:55 P.M - DEBATE COMPETITION

- ❖ Topic - Effectiveness of government measures and public awareness in restoring the environment

IV. ONLINE POSTER EXHIBITION ON ENVIRONMENT

V. ACKNOWLEDGEMENT AND CLOSING

This E-Magazine "EQUINOX" Is Published On The Occasion Of "WORLD ENVIRONMENT DAY"
5th June, 2021.

Organized By -


Satyajit Bhowmick, Mousumi Basak, Rupa Mandal,

Shreya Saha, Kiranmay Pal, Debjyoti Murmu

Founding Members Of Geography Club

Post Graduate Department Of Geography

KRISHNAGAR GOVT. COLLEGE





Volume- 1 Issue-1

Post Graduate Department of Geography
Krishnagar Government College
Krishnagar , Nadia, Westbengal 741101